



বাংলাদেশ রুরী বিদ্যুতায়ন বোর্ড BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

কর্মচারী প্রশাসন পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২
খিলক্ষেত, ঢাকা-১২২৯
ফোনঃ ০২-৮৯০০৩৫৮
E-mail: rebdpa@gmail.com

নম্বর-২৭.১২.০০০০.০২৫.১৯.৪৯৭(১).২০- ১৩৮


তারিখঃ ১৮ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ।
০২ আগস্ট, ২০২২ খ্রিস্টাব্দ।

সার্কুলার

লক্ষ্য করা যাচ্ছে যে, বাপবিবো'র বিভিন্ন দপ্তর/পরিদপ্তর/কার্যালয় হতে বদলী/পদায়নের প্রস্তাব/সুপারিশ এবং শ্রান্তি ও বিনোদন ছুটিসহ অন্যান্য বিষয়ের আবেদন অনুমোদনের জন্য সরাসরি সদস্যবৃন্দ ও চেয়ারম্যান মহোদয় বরাবর উপস্থাপন করা হচ্ছে। এতে দাপ্তরিক শৃঙ্খলার ব্যত্যয় হচ্ছে। এখন থেকে বদলী/পদায়ন সংক্রান্ত প্রস্তাব/সুপারিশ (যদি থাকে) এবং শ্রান্তি ও বিনোদন ছুটিসহ অন্যান্য বিষয়ের আবেদন অনুমোদনের জন্য সরাসরি সদস্যবৃন্দ ও চেয়ারম্যান মহোদয় বরাবর উপস্থাপন না করে নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ করতে হবে:


- বাপবিবো'র সদস্যবৃন্দ তাঁর অধিনস্থ কোন কর্মকর্তা/কর্মচারীর বদলী/পদায়নের প্রয়োজন হলে পরিচালক (কর্মচারী প্রশাসন) এর সাথে যৌথভাবে পার্সোন্যাল ডোসিয়ার যাচাই ও পর্যালোচনা করতঃ প্রস্তাবনা করবেন।
- অতঃপর প্রস্তুতকৃত বদলী/পদায়ন প্রস্তাব সংশ্লিষ্ট সদস্য একটি UO (ইউ.ও) নোটের মাধ্যমে সদস্য (প্রশাসন) বরাবরে অগ্রায়ণ করবেন। উক্ত প্রস্তাবনা সদস্য (প্রশাসন) যথানিয়মে উপস্থাপন করবেন এবং চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন সাপেক্ষে কর্মচারী প্রশাসন পরিদপ্তর হতে অফিস আদেশ জারীর ব্যবস্থা গ্রহণ করা হবে।
- শ্রান্তি ও বিনোদন ছুটিসহ অন্যান্য বিষয়ের আবেদন সরাসরি সদস্যবৃন্দ ও চেয়ারম্যান মহোদয় বরাবরে অনুমোদনের জন্য উপস্থাপন না করে নিজ নিজ নিয়ন্ত্রণকারী কর্মকর্তার মাধ্যমে কর্মচারী প্রশাসন পরিদপ্তরে প্রেরণ করতে হবে এবং উক্ত শাখা হতে নথি উপস্থাপন করা হবে।
- শ্রান্তি ও বিনোদন ছুটির ক্ষেত্রে সর্বশেষ ভোগকৃত ছুটির অফিস আদেশ সংযুক্ত করবেন এবং সংশ্লিষ্ট শাখা এ বিষয়ে নথি উপস্থাপন কালে ছুটির প্রাপ্যতা ও ০৩ (তিন) বছর কর্মকাল পূরণের শর্তসহ অন্যান্য তথ্যাদি বিবেচনা করবেন।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে;


(মোঃ আসফউদ্দৌলা)
পরিচালক
কর্মচারী প্রশাসন পরিদপ্তর।

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- সকল দপ্তর/পরিদপ্তর/কার্যালয় প্রধান, বাপবিবো।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। → বাপবিবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহকারে।
- একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
- একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/পরিচালনা ও উন্নয়ন/সমিতি ব্যবস্থাপনা/বিতরণ ও পরিচালন), বাপবিবো, ঢাকা।
- অফিস কপি।


(শাহাদাত হোসেন)
সহকারী পরিচালক (কর্ম)